# La prononciation - Deuxième étape - উচ্চারণ - দ্বিতীয় ধাপ

ফরাসি শব্দের উচ্চারণের এই ধাপটা একবার ভালোভাবে শিখে ফেললে, আপনি যেকোনো শব্দ পড়তে ও বলতে পারবেন **নির্বিঘ্নে, দ্রুত ও আত্মবিশ্বাসের সঙ্গে।**

- **আপনি পারবেন!**
- **শুধু নিয়মগুলো ভালো করে বুঝুন ও বারবার অনুশীলন করুন।**

| | | |
|---|---|---|
| **শেষের “E “ নীরব** | **Eille = এই** | **Ail = আই** |
| **On/om = ওঁ/ওঁম** | **En/an/em/am = অঁ / অঁম** | **In/im/ein/ain/aim = আঁ / আঁম** |
| **Er/ez/et/é/ai/es = এ** | **Ch=শ** | **Tion = সিওঁ** |
| **Eu = e = ও** | **Ou = ◌ু** | **Au = ◌ো** |
| **Oi = ওয়া** | **Ment = মঁ** | **Ien = ইয়াঁ** |
| **Il/ille = ই** | **H muet = নীরব “H”** | **Elle = এল্** |

এবার আমরা কিছু গুরুত্বপূর্ণ শব্দের দিকে নজর দিব — যেখানে আপনি শিখবেন :

- কীভাবে শব্দগুলো সঠিকভাবে উচ্চারণ করতে হয়
- শব্দটির অর্থ
- এবং le / la মানে লিঙ্গ (genre)

প্রত্যেকটি শব্দ আপনার উচ্চারণ এবং শব্দভাণ্ডার দুটোতেই উন্নতি আনবে।

| **শেষের “E “ নীরব** | **Eille = এই** | **Ail = আই** |
|---|---|---|
| La page (লা পাজ্) = পৃষ্ঠা<br>La musique (লা মিউজিক) = সঙ্গীত<br>La table (লা তাব্ল্) = টেবিল<br>La porte (লা পোর্ত্) = দরজা | L’oreille (লোরেই) = কান<br>La bouteille (লা বুতেই) = বোতল<br>La merveille (লা মেরভেই) = বিস্ময়<br>L’abeille (লাবেই) = মৌমাছি | Le travail (ল্য ত্রাভাই) = কাজ<br>Le détail (ল্য দেতাই) = বিস্তারিত<br>Le vitrail (ল্য ভিত্রাই) = কাঁচের জানালা<br>Le portail (ল্য পোর্তাই) = প্রবেশদ্বার |
| **On/om = ওঁ/ওঁম** | **En/an/em/am = অঁ / অঁম** | **In/im/ein/ain/aim = আঁ / আঁম** |
| Le garçon (ল্য গারছোঁ) = ছেলে<br>Le nom (ল্য নোঁ) = বংশগত নাম<br>Le prénom (ল্য প্রেনোঁ) = ডাক নাম<br>Le bonbon (ল্য বোঁবোঁ) = টফি<br>Le patron (ল্য পাতরোঁ) = বস / মালিক<br>Le nombre (ল্য নোমব্র)= সংখ্যা<br>L’homme (লোম) = পুরুষ<br>Le diplôme (ল্য দিপ্লোম্) = সার্টিফিকেট | L’enfant (লঁফঁ) = শিশু<br>La lampe (লা লম্প্) = বাতি<br>Cent (ছঁ) = একশো<br>Le banc (ল্য বঁ) = বেঞ্চ<br>Sans (ছঁ/সঁ) = ছাড়া<br>Le plan (ল্য প্লঁ) = পরিকল্পনা<br>Le vent (ল্য ভঁ) = বাতাস<br>Le sang (ল্য ছঁ/সঁ) = রক্ত<br>Les gens (লে জঁ) = মানুষ | Le matin (ল্য মাতাঁ) = সকাল<br>Simple (সাঁপ্ল্) = সহজ<br>Le pain (ল্য পাঁ) = রুটি / পাউরুটি<br>Le bain (ল্য বাঁ) = গোসল<br>La main (লা মাঁ) = হাত<br>Le plein (ল্য প্লাঁ) = পূর্ণ / ভরা<br>Le vin (ল্য ভাঁ) = মদ / ওয়াইন<br>Important (আঁমপোরতঁ) = গুরুত্বপূর্ণ<br>Importer (আঁমপোরতে) = আমদানি |

FRENCH

B_FRENCH

| Er/ez/et/é/ai/es = এ / য়ে / ে | Ch=শ | Tion = সিওঁ |
|---|---|---|
| Parler (পারলে) = কথা বলা<br>Travailler (ত্রাভাইয়ে) = কাজ করা<br>Le nez (ল্য নে) = নাক<br>Le café (ল্য কাফে) = কফি<br>Le bébé (ল্য বেবে) = শিশু<br>L'été (লেতে) = গ্রীষ্ম<br>Le jouet (ল্য জুয়ে) = খেলনা<br>Le bonnet (ল্য বোঁনে) = টুপি<br>Les, Des, Ces, Ses (লে, দে, ছে, সে) | Le chat (ল্য শা) = বিড়াল<br>Le chien (ল্য শিয়াঁ) = কুকুর<br>Chercher (শেরশে) = খোঁজা<br>Le chemin (ল্য শ্যমাঁ) = রাস্তা<br>Le chèque (ল্য শেক্) = চেক<br>La bouche (লা বুশ্) = মুখ<br>La mouche (লা মুশ্) = মাছি<br>La fiche (লা ফিশ্) = কাগজপত্র<br>L'affiche (লাফিশ্) = পোস্টার | La nation (লা নাসিওঁ) = জাতি<br>La station (লা স্তাসিওঁ) = স্টেশন<br>La question (লা ক্যেসসিওঁ) = প্রশ্ন<br>L'invitation (ল্যাঁভিতাসিওঁ) = নিমন্ত্রণ<br>La solution (লা সোলুসিওঁ) = সমাধান<br>La situation (লা সিচুয়াসিওঁ) = পরিস্থিতি<br>L'information (ল্যাঁফোরমাসিওঁ) = তথ্য<br>La formation (লা ফোরমাসিওঁ) = প্রশিক্ষণ<br>La motivation (লা মোটিভাসিওঁ) = প্রেরণা |
| **Eu = e = ও** | **Ou = ু** | **Au = ো** |
| Le jeu (ল্য জ্য) = খেলা<br>Deux (দ্য) = দুই<br>Peu (প্য) = অল্প<br>Bleu (ব্ল্য) = নীল<br>Le feu (ল্য ফ্য) = আগুন<br>La peur (লা প্যর্) = ভয়<br>Je, Le, Ce, Me, Te, Se, Ne<br>জ্য, ল্য, ছ্য, ম্য, ত্য, স্য, ন্য | Vous (ভু) = আপনি / তোমরা<br>Bonjour (বোঁজুর) = শুভ দিন<br>Toujours (তুজুর) = সবসময়<br>La route (লা রুৎ) = রাস্তা<br>Nouveau (নুভো) = নতুন<br>La bouche (লা বুশ্) = মুখ<br>La souris (লা সুরি) = ইঁদুর<br>Rouge (রুজ্) = লাল | Chaud (শো) = গরম<br>Faux (ফো) = মিথ্যা / ভুল<br>Auto (অতো) = স্বয়ংক্রিয়<br>Jaune (জোন) = হলুদ<br>Beau (বো) = সুন্দর<br>L'eau (লো) = পানি<br>Le bateau (ল্য বাতো) = নৌকা<br>La faute (লা ফোৎ) = ভুল / দোষ |
| **Oi = ওয়া** | **Ment = মঁ** | **Ien = ইয়াঁ** |
| Quoi (কোয়া) = কী<br>Pourquoi (পুরকোয়া) = কেন<br>La fois (লা ফোয়া) = বার (একবার...)<br>Le choix (ল্য শোয়া) = পছন্দ<br>Voici (ভোয়াসি) = এই যে<br>Voilà (ভোয়ালা) = ঐ যে | Doucement (দুসমঁ) = আস্তে<br>Lentement (লঁতমঁ) = ধীরে<br>Rapidement (রাপিদমঁ) = দ্রুত<br>Vraiment (ভ্রেমঁ) = সত্যিই<br>Seulement (সোলমঁ) = শুধুমাত্র<br>Directement (দিরেক্তমঁ) = সরাসরি | Bien (বিয়াঁ) = ভালো<br>Rien (রিয়াঁ) = কিছুই না<br>Le chien (ল্য শিয়াঁ) = কুকুর<br>Le pharmacien (ল্য ফার্মাসিয়াঁ) = ফার্মাসিস্ট<br>Le parisien (ল্য পারিজিয়াঁ) = প্যারিসবাসী |
| **Il/ille = ই** | **H muet = নীরব "H"** | **Elle = এল্** |
| Gentil (জঁতি) = ভদ্র<br>L'œil (ল'ওই) = চোখ<br>La famille (লা ফামি) = পরিবার<br>La fille (লা ফি) = মেয়ে | L'hôtel (লোতেল) = হোটেল<br>Habiter (আবিতে) = বসবাস করা<br>Le théâtre (তেয়াত্র) = থিয়েটার<br>La méthode (লা মেতোদ্) = পদ্ধতি | La poubelle (লা পুবেল্) = ময়লার ঝুড়ি<br>La nouvelle (লা নুভেল্) = সংবাদ<br>La vaisselle (লা ভেসেল্) = বাসনপত্র<br>La jumelle (লা জুমেল্) = জমজ বোন |

B-FRENCH

B_FRENCH

# Les signes de ponctuation et symboles en français
# ফরাসি বিরামচিহ্ন ও প্রতীকসমুহ

| Symbole | Nom en français | বাংলা উচ্চারণ |
|---|---|---|
| / | Slash | স্লাশ |
| - | Tiret du six | তীরে দু সিস্ |
| – | Tiret du huit | তীরে দু উইত্ |
| @ | Arobase | অ্যারোবাজ্ |
| Ç | Cédille | সেদিই |
| ï | Tréma | ত্রেমা |
| - | Trait d’union | ত্রে দুনিঁও |
| ’ | Apostrophe | আপসস্ত্রফ্ |
| , | Virgule | ভিরগ্যুল্ |
| . | Point | পোয়াঁ |
| ! | Point d’exclamation | পোয়াঁ দেক্সক্লামাসিওঁ |
| ? | Point d’interrogation | পোয়াঁ দাঁতেরোগাসিওঁ |
| é | Accent aigu | আ-ক-সঁ এগ্যু |
| è | Accent grave | আ-ক-সঁ গ্রাভ্ |
| ê | Accent circonflexe | আ-ক-সঁ সির-কোঁ ফ্লেক্স্ |

## Exemples des quartiers ou stations que l'on prononce mal
## যে সব এলাকা বা স্টেশনের নাম আমরা অনেকে ভুলভাবে উচ্চারিত করি

| | | | |
|---|---|---|---|
| Aubervilliers | Mairie d’Aubervilliers | Fort d’Aubervilliers | Montreuil |
| ওবেরভিলিয়ে | মেরি দোবেরভিলিয়ে | ফোর্ দোবেরভিলিয়ে | মোঁথ্রয়ই |
| Anvers | Crimée | Jules Joffrin | Quatre chemins |
| আঁভের্ | ক্রিমে | জুল জোফ্রা | কাত্র শ্যমাঁ |
| Hoche | Max Dormoy | Jacques Bonsergent | Belleville |
| ওশ্ | ম্যাক্স দোর্মোয়া | জ্যাক বোঁসেরজঁ | বেলভিল |

B_FRENCH

B_FRENCH

# La politesse : ভদ্রতা - সাধারণ কথোপকথন

- **কারও সঙ্গে দেখা হলে :**

➔ **যদি আপনি সম্বোধন হয় :**
- Bonjour Madame / Monsieur !
  → বোঁজুর মাদাম / মোঁসিয়্যোর !
- শুভদিন ভদ্রমহিলা / ভদ্র মহাশয় !
- Bonsoir Madame / Monsieur !
  → বোঁসোয়ার মাদাম / মোঁসিয়্যোর !
- শুভসন্ধ্যা ভদ্রমহিলা / ভদ্র মহাশয় !

➔ **যদি তুমি সম্বোধন হয় :**
- Bonjour mon pote !
  → বোঁজুর মোঁ পোত !
  – শুভদিন বন্ধু !
- Bonsoir mon frère ! → বোঁসোয়ার মোঁ ফ্রেয়ার !
  – শুভসন্ধ্যা আমার ভাই !

➔ **বিদায়ের সময় :**
- আবার দেখা হবে জানা না থাকলে বলতে হবে : Au revoir ! অো র‍্যভোয়ার !
- কয়েক ঘন্টা পরে আবার দেখা হবে জানা থাকলে : A tout à l'heure !
  → আ তুতা ল্যর !

➔ **সমবেদনা জানাতে :**

➔ Oh, mon pauvre !
  → ও, মোঁ পোভ্র !
  – আহা, বেচারা !

➔ Oh, ma pauvre ! → ও, মা পোভ্র !
  – আহা, বেচারি !

➔ **দুঃখ প্রকাশ করতে :**
- Oh, pardon. Je suis désolé.
  → ও, পারদোঁ। জ্য স্যুই দেজোলে।
  – ওহ, দুঃখিত ! আমি অত্যন্ত দুঃখিত।
- Ce n'est rien, monsieur !
  → ছ্য নে রিঁয়া,মোঁসিয়্যোর !
  – এটা কিছু না।
- Excusez-moi, monsieur ! Je suis désolé d'être en retard !
  → এক্সকিউজে-মোয়া, মোঁসিয়্যোর !জ্য স্যুই দেজোলে দেত্র অঁ র‍্যতার !
- আমাকে ক্ষমা করুন জনাব। দেরি করার জন্য আমি দুঃখিত।
- Je vous en prie, ce n'est pas

- **কেউ সাফল্য অর্জন করলে :**
- Félicitations !
  → ফেলিসিতাসিওঁ - অভিনন্দন !
- Toutes mes félicitations !
  → তুত মে ফেলিসিতাসিওঁ !
  - আমার আন্তরিক অভিনন্দন।

- Je suis vraiment content(e) pour toi/vous.
  → জ্য স্যুই ভ্রেমঁ কোঁন্ত পুর তুয়া / ভু ।
  - আমি আসলেই অনেক খুশি তোমার বা আপনার জন্য ।
- Bravo – অনেক ভালো
  → ব্রাভো !

➔ **বিয়ে করলে :**
- Tous mes vœux de bonheur !
  → তু মে ভ্য দ্য বোঁন্যর !
  – দোয়া করি সুখী হও।
- Toutes mes félicitations !
  → তুত মে ফেলিসিতাসিওঁ
  – আমার আন্তরিক অভিনন্দন।

➔ **কাউকে শুভকামনা জানাতে :**
- দিনের বেলায় বিদায় নেয়ার আগে : *Bonne journée ! → বোঁন জুরনে !*
- বিকেল বেলায় : *Bonne après-midi !*
  *→ বোঁন আপ্রে মিদি !*
- সন্ধ্যা বেলায় বিদায় নেয়ার আগে : *Bonne soirée ! → বোঁন সোয়ারে !*
- ঘুমানোর আগে : *Bonne nuit !*
  *→ বোঁন ন্যুই !*
- সপ্তাহের শেষে : *Bon week-end !*
  *→ বোঁ উইক-এন্দ !*
- ছুটির আগে : *Bonnes vacances !*
  *→ বোঁন ভাকঁস !*
- ভ্রমণের আগে : *Bon voyage !*
  *→ বোঁ ভয়াজ !*
- খাওয়ার আগে বা খাওয়ার সময় : *Bon appétit ! → বোঁ নাপেতি!*
- জন্মদিনে : *Bon anniversaire ! Joyeux anniversaire ! → বোঁ নানিভেরসের !*
- কোনো পরীক্ষার আগে : *Bonne chance !*
  *→ বোঁন শঁস !*
- বড়দিনের উৎসবের আগে : *Bon Noël !*

| | |
|---|---|
| grave.<br>→ জ্য ভু জঁ প্রি,স্য নে পা গ্রাভ।<br>– আহা, এটা কিছুই না। | • → *বোঁ নোয়েল !*<br>• ঈদের দিনে : *Bonne fête de l'Aïd !*<br>→ *বোঁন ফেত দ্য লাইদ !*<br>• বছরের শুরুতে : *Bonne année !*<br>*Tous mes vœux ! → বোঁন আননে ! →*<br>*তু মে ভ্য !* |

B-FRENCH